বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা ১৩৪৩
www.bpatc.org.bd

বিজ্ঞপ্তি নং-০৫.০১.২৬৭২.১২৫.১১.০১৬.১৫- ২৬৩

তারিখঃ ১২/০৮/১৪২৫ বঙ্গাব্দ
২৬/১১/২০১৮ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ২২০০০-৫৩০৬০/-	০৩টি	লোক-প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজ-বিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক/গণযোগাযোগ ও সাংবাদিকতা/নৃবিজ্ঞান/পপুলেশন সাইন্স/পিস এন্ড কনফ্লিক্ট স্ট্যাডিজ/উইমেন এন্ড জেন্ডার স্ট্যাডিজ/ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ইংরেজি বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী	সকল জেলা
২	মূল্যায়ন কর্মকর্তা ২২০০০-৫৩০৬০/-	০১টি	লোক-প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজ-বিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক/গণযোগাযোগ ও সাংবাদিকতা/নৃবিজ্ঞান/পপুলেশন সাইন্স/পিস এন্ড কনফ্লিক্ট স্ট্যাডিজ/উইমেন এন্ড জেন্ডার স্ট্যাডিজ/ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ ইংরেজি/ পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী	
৩	গবেষণা কর্মকর্তা ২২০০০-৫৩০৬০/-	০৩টি	লোক-প্রশাসন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/সমাজ-বিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক/গণযোগাযোগ ও সাংবাদিকতা/নৃবিজ্ঞান/পপুলেশন সাইন্স/পিস এন্ড কনফ্লিক্ট স্ট্যাডিজ/উইমেন এন্ড জেন্ডার স্ট্যাডিজ/ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ ইংরেজি/ পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী	
৪	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	০২টি	ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সাঁটলিপি গতিঃ বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৪৫ শব্দ ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৭০ শব্দ গ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ) বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন-২৫ শব্দ ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন-৩০ শব্দ	ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।
৫	নিম্নমান সহকারী ৯৩০০-২২৪৯০/-	১০টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	

৬	কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০২টি	ক) কোন স্বীকৃতপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) মুদ্রাক্ষর গতিঃ (Nikosh BAN font এ) বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন- ২০ শব্দ	তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৭	ডার্করুম সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
৮	টেলিফোন অপারেটর ৯৩০০-২২৪৯০/-	০১টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
৯	ক্যাফেটেরিয়া ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/-	০১টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
১০	ক্যাফেটেরিয়া প্রকিউরমেন্ট সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
১১	গাড়িচালক ৯৩০০-২২৪৯০/-	০৩টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ৩ বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই মোটরযান চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে।	
১২	ফটোকপি অপারেটর ৮৮০০-২১৩১০/-	০৪টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, নড়াইল, সাতক্ষীরা, ভোলা, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১৩	ডেসপ্যাস রাইডার ৮৮০০-২১৩১০/	০১টি	কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

১। ২৬/১১/২০১৮ তারিখে সাধারণ প্রার্থী, উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
সিজিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
সিজিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ

৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpatc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০২/১২/২০১৮খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/১২/২০১৮খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ KB100 ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ KB60হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক ১-৩ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং ৪-১১ এ উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ১২-১৩ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,** "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"।

প্রথম SMS: BPATC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPATC ABCDEF

Reply: Applicant's Name, Tk-..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPATC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BPATC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPATC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPATC Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://bpatc.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BPATC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BPATC Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BPATC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BPATC Help PIN 12345678 & send to 16222.

৪। ক্রমিক ১-৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে ইংরেজি ভাষা লিখিত ও বাচনিক, ডিজিটাল লিটারেসি, গবেষণা পদ্ধতি, Communicaion skill ইত্যাদি বিষয়ে পারদর্শীতা থাকতে হবে এবং এসকল বিষয়ে প্রার্থীকে লিখিত, মৌখিক এবং ব্যবহারিক (শ্রেণী/অধিবেশন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। দেশী-বিদেশী জার্নালে পাবলিকেশন আছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৫। ক্রমিক ৪-১০ ও ১২ এ বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীদের কম্পিউটার পরিচালনায় দক্ষতাসহ Nikosh BAN ফন্টে টাইপে পারদর্শীতা থাকতে হবে এবং এ বিষয়ে প্রার্থীকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। ক্রমিক ১১ ও ১৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীদের যথাক্রমে গাড়ী ও মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং গাড়ী ও মোটর সাইকেল চালনায় দক্ষ হতে হবে। প্রার্থীদেরকে এ বিষয়ে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form এর কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাত/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী হলে, সেক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

২৬.১২.১৮

(মোঃ সিদ্দিকুর রহমান)
পরিচালক (প্রশাসন)
বিপিএটিসি, সাভার, ঢাকা।
টেলিফোনঃ ০২-৭৭৪৫০২৩